যায়যায়দিন

তারিখ 25 JUN 2010
পৃষ্ঠা ২ কলাম ৪

# পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১২১৭ কোটি টাকার বাজেট অনুমোদন

যাযাদি রিপোর্ট

দেশের ৩০টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য ১ হাজার ২১৭ কোটি টাকার বাজেট অনুমোদন করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। বৃহস্পতিবার ইউজিসির ১২০তম পূর্ণ কমিশন সভায় প্রস্তাবিত মূল বাজেট অনুমোদন করা হয়।

ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০০৯-১০ অর্থবছরের জন্য ১ হাজার ২৬ কোটি ৯১ লাখ টাকার সংশোধিত বাজেট এবং ২০১০-১১ অর্থবছরের জন্য ১ হাজার ২০৪ কোটি ৯৬ লাখ টাকার প্রস্তাবিত মূল বাজেট অনুমোদন করা হয়। সভায় একই সঙ্গে ইউজিসির ২০০৯-১০ অর্থবছরের জন্য ১০ কোটি ১১ লাখ টাকার সংশোধিত বাজেট এবং ২০১০-১১ অর্থবছরের জন্য ১২ কোটি ৪ লাখ টাকার প্রস্তাবিত মূল বাজেট অনুমোদন করা হয়। সভায় শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সৈয়দ আতাউর রহমান, ইউজিসি সদস্য প্রফেসর ড. এহসানুল হক, প্রফেসর ড. মো. আবদুল হাকিম, প্রফেসর ড. মো. তাজুল ইসলাম, প্রফেসর ড. আমেনা বেগম, প্রফেসর ড. মো. আতফুল শিবলী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডা. প্রাণ গোপাল দত্ত, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. আবদুল মান্নান আকন্দ, পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের প্রতিনিধি সাখাওয়াতুল্লাহ, ইউজিসির সচিব মো. খালেদ এবং অর্থ ও হিসাব বিভাগের পরিচালক মুহাম্মদ ইব্রাহীম কবীর উপস্থিত ছিলেন।